

## সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায়: সাওম সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ মাসআলা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: সাওম অবস্থায় কী কী করা বৈধ?

জওয়াব: সাওম অবস্থায় যা যা করা বৈধ:

- ১ গোসল করা, ঠাণ্ডা পানিতে বসা।
- ২ মুখের থুতু ও কাশ গিলে ফেলা।
- ৩ জিহ্বা দিয়ে কোনো খাদ্যের কেবল স্বাদ পরীক্ষা করে দেখা। তবে শর্ত হলো কোনোকিছুই যেন কণ্ঠের নিচে প্রবেশ না করে।
- ৪- আতর-সুগন্ধি ইত্যাদির ঘ্রাণ নেওয়া।
- ৫- সাওমদারের মিসওয়াক ব্যবহার। যেকোনো সময় মিসওয়াক ব্যবহার করা বৈধ, হোক তা সূর্যে ঢলে যাওয়ার পূর্বে অথবা পরে। হোক তা তাজা অথবা শুষ্ক। তবে মিসওয়াক তাজা হওয়ার ক্ষেত্রে খেয়াল রাখতে হবে তা যেন কণ্ঠের নিচে চলে না যায়। কেননা এরূপ হলে সাওম ভেঙ্গে যাবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11010

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন